দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 24 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

127

## চুয়াডাঙ্গার ২টি হাইস্কুলে ২৫ জন শিক্ষকের পদ শূন্য

চুয়াডাঙ্গা সংবাদদাতা ॥ দীর্ঘদিন যাবৎ চুয়াডাঙ্গার শহরে ২টি সরকারী উচ্চ বিদ্যালয়ের ২৫ জন সহকারী শিক্ষক এবং ৫টি এম এল এস পদ খালি থাকায় শিক্ষাক্রম ব্যাহত হইতেছে। জানা গিয়াছে, চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৫ জনের মধ্যে ১৩ জন সহকারী শিক্ষক এবং ৫টির মধ্যে ৩টি এম এল এস পদ খালি আছে। অনুরূপভাবে চুয়াডাঙ্গা ভি, জে, সরকারী উচ্চ বিদ্যালয়ে ২৫ জনের মধ্যে ১২ জন সহকারী শিক্ষক এবং ৫টির মধ্যে ২টি এম এল এস পদ খালি আছে। বিগত দীর্ঘদিনের ব্যবধানে উল্লিখিত শূন্যপদগুলি পূরণ না হওয়ায় মাসের

(৯ম পৃঃ দ্রঃ)

### চুয়াডাঙ্গার ২টি হাইস্কুলে

(৩য় পৃঃ পর)

পর মাস বিদ্যালয় ২টিতে শিক্ষাক্রম ব্যাহত হইতেছে। শিক্ষক শূন্যতার অভাবে কোনদিনই রুটিনমাফিক পূর্ণাঙ্গ কার্যক্রম সম্পন্ন হয় না। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার মারাত্মক ক্ষতি হইতেছে। বিদ্যালয় ২টির প্রধান শিক্ষকদ্বয় জানান, উল্লিখিত শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মহলে একাধিকবার লেখালেখি করিয়াও কোন কাজ হয় নাই।